

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দান রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line -2

গত ০৪ অক্টোবর ২০২২ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ-জাপান ৫ম যৌথ পিপিপি প্ল্যাটফর্ম সভায় MRT Line-2 G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে বাস্তবায়নের তালিকা হতে প্রত্যাহার করে নেওয়া হয়েছে। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কম্পস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করা হয়েছে। MRT Line-2 এর Depot নির্মাণের জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ এর ধারা-৪ এর উপধারা-১২ অনুসরণে ঢাকা জেলার দামারীপাড়া ও মাতুয়াইল মৌজার অন্তর্গত ১৬৩.৮৬৬ একর ভূমির ক্রয়-বিক্রয় ও ভূমিতে অবকাঠামো নির্মাণে নিয়ন্ত্রণ আরোপ করার নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রস্তাব প্রেরণের জন্য গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। গাবতলী থেকে কমলাপুর হয়ে নারায়ণগঞ্জ পর্যন্ত MRT Line-2 নির্মাণের নিমিত্ত JICA এর আর্থিক সহায়তায় Feasibility Study করার জন্য পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের লক্ষ্যে Preliminary Development Project Proposal (PDPP) পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণের নিমিত্ত গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।